ইত্তেফাক

তারিখ ২০/৩/৮০
পৃষ্ঠা ১ কলাম ৪

078

# আজ হইতে এস এস সি পরীক্ষা

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (বৃহস্পতিবার) সারাদেশে চারটি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৮০ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা শুরু হইতেছে। সরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের নন-গেজেটেড কর্মচারী ধর্মঘটের দরুন সৃষ্ট সঙ্কটজনক পরিস্থিতিতে বিশেষ ব্যবস্থাধীনে এই সকল বিদ্যালয়ে

( ৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## আজ হইতে পরীক্ষা

(১ম পৃঃ পর)

পরীক্ষা অনুষ্ঠিত হইবে বলিয়া জানা গিয়াছে।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের অধীনে ১শত ৪টি পরীক্ষাকেন্দ্রে মোট ৬৩ হাজার ৯ শত ১৫ জন পরীক্ষার্থীর অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত হইয়াছে।

পরীক্ষার্থীদের মধ্যে ১৫ হাজার ৪ শত ৮১ জন মহিলা। কলাবিভাগে ৩২ হাজার ৭ শত ৫১ জন, বিজ্ঞান বিভাগে ২০ হাজার জন, বাণিজ্য বিভাগে ৬ হাজার ৩ শত ৬৪ জন, কৃষি বিভাগে ৩ হাজার ৯ শত ৮২ জন, গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ৬ শত ২৭ জন এবং শিল্পকলা বিভাগে ১ শত ৯১ জন পরীক্ষার্থী রহিয়াছে।

ঢাকা মহানগরী এলাকায় ৩২টি উপকেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ১১ হাজার ২ শত ৭৬ (ছাত্র—৬ হাজার ৫ শত ৩৪ এবং ছাত্রী—৪ হাজার ৭ শত ৪১)। মহানগরী এলাকায় কলা বিভাগের পরীক্ষার্থীর চাইতে বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ১ শত বেশী।

গত বছরের তুলনায় ঢাকা বোর্ডে এ বছর পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৩ হাজার বেশী। এই বার ওয়াশিংটন এবং আলজেরিয়ার এক স্থানে ঢাকা বোর্ডের দুইটি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইবে।